

পেমেন্ট সিস্টেম্‌স ডিপার্টমেন্ট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

পিএসডি সার্কুলার লেটার নং: ১২

তারিখ: ১৫ অক্টোবর, ২০২০
৩০ আশ্বিন, ১৪২৭

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস (এমএফএস) প্রোভাইডার
প্রধান কার্যালয়
ঢাকা।

প্রিয় মহোদয়,

**মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস (এমএফএস) এর পরিষেবাসমূহের ধরন ও
সার্ভিস চার্জ/মাসুল সম্পর্কে গ্রাহকগণকে যথাযথভাবে অবহিতকরণ প্রসঙ্গে।**

Bangladesh Mobile Financial Services (MFS) Regulations, 2018 এর ৫.০ ধারা অনুসারে প্রদানকৃত পরিষেবাসমূহের জন্য প্রযোজ্য সার্ভিস চার্জ/মাসুল সংক্রান্ত বিভিন্ন বিষয়ে গ্রাহকগণকে যথাযথভাবে অবহিত করার উদ্দেশ্যে নিম্নলিখিত নির্দেশনাসমূহ যথাযথভাবে পরিপালনের জন্য আপনাদেরকে পরামর্শ প্রদান করা হলো:

- (১) যে কোন পরিষেবা প্রদানের পূর্বে পরিষেবার ধরন, পরিষেবার জন্য প্রযোজ্য সার্ভিস চার্জ/মাসুল এর পরিমাণ এবং প্রযোজ্য ক্ষেত্রে সার্ভিস চার্জের তালিকা (Schedule of Charges) এবং Frequently Asked Question (FAQ) প্রস্তুতকরতঃ সে সম্পর্কে গ্রাহকগণকে যথাযথভাবে অবহিত করার উদ্দেশ্যে সংশ্লিষ্ট তথ্যাদি নিজস্ব ওয়েবসাইট এবং অ্যাপ্লিকেশনে প্রদর্শন করতে হবে;
- (২) পরিষেবার ধরন বা সার্ভিস চার্জ/মাসুল হার পরিবর্তনের ক্ষেত্রে গ্রাহকগণকে অগ্রিম নোটিফিকেশন প্রেরণের মাধ্যমে অবহিত করতে হবে;
- (৩) সার্ভিস চার্জ/মাসুল হার সংক্রান্ত বিক্রান্তি পরিহারকল্পে বিভিন্ন গণযোগাযোগ (সংবাদপত্র, পত্রিকা, রেডিও, টেলিভিশন, ইউটিউব চ্যানেল ইত্যাদি) এবং সামাজিক যোগাযোগ মাধ্যমে (ফেসবুক, ইনস্টাগ্রাম, লিংকডইন ইত্যাদি) প্রচার প্রচারণা সহ সকল ক্ষেত্রে ভ্যাট সহ সার্ভিস চার্জ/মাসুল হার উল্লেখ করতে হবে।

ধন্যবাদান্তে,

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ মেজবাবুল হক)

মহাব্যবস্থাপক

ফোন: ০২-৯৫৩০১৭৪